গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.০৫.০৬৯.১৬-১২৪

তারিখঃ ১৫ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগ/কমিশনের বিদ্যমান প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ ও কার্যতালিকা হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগ/কমিশনের বিদ্যমান প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ ও কার্যতালিকা হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। সভায় গৃহীত প্রস্তাবসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/মতামত আগামী ০৯/০৩/২০১৭ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগের প্রশাসন শাখা-২ এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী।

(মোছাঃ জেসমুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৮০৫৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত,ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। উপসচিব, সাধারণ অধিশাখা-১, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫। উপসচিব, সাধারণ অধিশাখা-২, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬। উপসচিব (প্রটোকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮। বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
২। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন শাখা-২
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৩.০৫.০৬৯.১৬-১২৬

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগ/কমিশন ও আওতাধীন সংস্থার বিদ্যমান প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ এবং কার্যতালিকা হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ১৯ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, যুগ্মসচিব, পরিকল্পনা বিভাগ। |

২.০ সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|
| ১। | প্রকৌশলী মোঃ আব্দুর রশীদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী। |
| ২। | জনাব সুবাস চন্দ্র সাহা, সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান। |
| ৩। | জনাব আ.ন.ম. রোকন উদ্দিন, উপপ্রধান, কৃষি পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন। |
| ৪। | ড. নূরুন নাহার, উপপ্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন। |
| ৫। | জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, উপপ্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন। |
| ৬। | মোছাঃ জেসমুন নাহার, সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা বিভাগ। |
| ৭। | জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ। |
| ৮। | জনাব দেওয়ান আশরাফুল আলম, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ। |

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, অর্থ বিভাগ হতে সর্বশেষ ১৬/০৮/২০১৫ তারিখে আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিদের্শনা অনুযায়ী প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের বিদ্যমান প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ অনুযায়ী অধীনস্থ দপ্তর/সংস্থার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। ইতোপূর্বে ২৭/০৮/২০০৮ তারিখ পরিকল্পনা বিভাগের কর্মকর্তাগণের কার্যবন্টন এবং ক্ষমতা অর্পণ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়। ২০০৮ হতে ২০১৭ পর্যন্ত বিগত ৯বছরে পরিকল্পনা বিভাগ/কমিশনের কার্যপরিধি অনুযায়ী সময়ে সময়ে ভিন্ন ভিন্ন অফিস আদেশ জারির মাধ্যমে পরিকল্পনা বিভাগ/কমিশনের কার্যবন্টন সংশোধন করা হয়েছে।

৩.১ পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত ২৭/০৮/২০০৮ তারিখের অফিস আদেশে পরিকল্পনা কমিশন, এনএপিডি এবং বিআইডিএস এর কার্যবন্টন অন্তর্ভূক্ত করা হয়নি। সংশোধিত/হালনাগাদকরণের জন্য বিবেচিত কার্যবন্টন/ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশে এ সকল প্রতিষ্ঠানের কার্যাবলী, আর্থিক ক্ষমতা অর্পণ অন্তর্ভূক্ত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

৩.২ আলোচনায় পরিকল্পনা কমিশনের কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের উপপ্রধান জনাব আ.ন.ম. রোকন উদ্দিন পরিকল্পনা কমিশন এবং দু'টি সংস্থার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা এবং কার্যবন্টন সভার কার্যপত্রে অন্তর্ভূক্ত করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণের প্রশাসনিক ক্ষমতা অর্পণের বিষয়টি কার্যবন্টন সংক্রান্ত অফিস আদেশে অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান। একই সাথে যেহেতু অর্থ বিভাগ হতে জারিকৃত আদেশে অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়াবলীর তালিকা নির্ধারিত রয়েছে সেহেতু এ সংক্রান্ত বিষয়াবলী পরিকল্পনা বিভাগের অফিস আদেশে রাখার বিষয়টি বিবেচনার নিমিত্ত সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভাপতি বলেন, পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণের প্রশাসনিক ক্ষমতা অর্পণের বিষয়টি অফিস আদেশে অন্তর্ভূক্ত করার জন্য পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনসমূহ হতে সমন্বিত একটি তালিকা প্রয়োজন এবং এ বিষয়টি জনাব রোকন উদ্দিন সমন্বয় করতে পারেন বলে অভিমত ব্যক্ত করা হয়। সভায় পরিকল্পনা বিভাগের ICT সেলের কার্যবন্টন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৪.০ সভায় উপস্থাপিত কার্যপত্রের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

৪.১ পরিকল্পনা বিভাগ/কমিশন/সংস্থার কার্যতালিকা একই ফরম্যাটে প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে।

৪.২ অর্থ বিভাগ হতে ১৬/০৮/২০১৫ তারিখে জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশে অর্থ বিভাগে প্রেরিতব্য বিষয়াবলীর তালিকা নির্ধারিত রয়েছে বিধায় এ সংক্রান্ত বিষয়াবলী পরিকল্পনা বিভাগের অফিস আদেশ হতে বাদ দেয়া যেতে পারে।

৪.৩ পরিকল্পনা বিভাগের ন্যায় পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণের প্রশাসনিক ক্ষমতার একটি সমন্বিত তালিকা প্রণয়নপূর্বক আগামি সভার কার্যপত্রে অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিকল্পনা কমিশনের কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি জনাব আ.ন.ম. রোকন উদ্দিন পরিকল্পনা কমিশনের ৬টি সেক্টর ডিভিশনের সাথে আলোচনাক্রমে পরিকল্পনা কমিশনের প্রশাসনিক ক্ষমতার একটি সমন্বিত তালিকা প্রস্তুতপূর্বক আগামী সভার পূর্বে পরিকল্পনা বিভাগে প্রেরণ করবেন।

৪.৪ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের (বৃহৎ ৮টি মন্ত্রণালয়/বিভাগের) ICT সেলের কার্যতালিকা সংগ্রহপূর্বক এর আলোকে পরিকল্পনা বিভাগের সিনিয়র সিস্টেম এনালিষ্ট পরিকল্পনা বিভাগের আইসিটি সেলের কার্যতালিকা প্রণয়নপূর্বক আগামী সভার পূর্বে পরিকল্পনা বিভাগের প্রশাসন শাখা-২ এ প্রেরণ করবেন।

৪.৫ পরিকল্পনা বিভাগ/কমিশন ও আওতাধীন সংস্থার বিদ্যমান প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ এবং কার্যতালিকা হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ২য় সভা আগামি মার্চ/২০১৭ মাসের শেষের দিকে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৬ পরিকল্পনা বিভাগের দু'টি সংস্থার (এনএপিডি ও বিআইডিএস) প্রস্তাবিত কার্যবন্টন ও আর্থিক ক্ষমতা অর্পণ (যা সভায় দাখিল করা হয়েছে) যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সংশোধনপূর্বক আগামি সভার কার্যপত্র হিসেবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.০ আর কোন গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/২/১৭

(মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল)
যুগ্মসচিব ও কমিটির সভাপতি
পরিকল্পনা বিভাগ